গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর (পিআইডি)
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

তথ্যবিবরণী নম্বর: ১৬

## চলতি বছর ময়মনসিংহ বিভাগে ১৬০০ কলকারখানা পরিদর্শন করা হবে

ময়মনসিংহ (১৪ আগস্ট, ২০২৩ খ্রি.);

৬টি টিমে ৪৫ জন করে ময়মনসিংহ বিভাগে ১৬০০ কলকারখানা পরিদর্শন করা হবে এ বছর। যেখানে ১৪ বছরের কম বয়সী শিশু আছে কিনা এবং যদি থাকে সেক্ষেত্রে প্রতিষ্ঠানগুলোকে আইনের আওতায় আনা হবে।

শিশুশ্রম নিরসনে পরিদর্শন ও উদ্বুদ্ধকরণ কার্যক্রম চলমান রাখতে এবং ময়মনসিংহ বিভাগকে শিশুশ্রম মুক্ত করতে বিভাগীয় শিশুশ্রম কল্যান পরিষদের ৮ম সভা ১৪ আগস্ট (সোমবার) ১২.০০ ঘটিকায় বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়ার সভাপতিত্বে বিভাগীয় কমিশনারের কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।

এবারের বিষয় 'শিশুর শিক্ষা ও সুরক্ষা নিশ্চিত করি শিশু শ্রম বন্ধ করি' শিশুশ্রম মুক্ত করার লক্ষ্যে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর শিশুশ্রম নিরসন সংক্রান্ত এসডিজির টার্গেট ইন্ডিকেটর বাস্তবায়নে লীড ও কো-লীড কার্যক্রম এবং সেক্টর ও অঞ্চলভিত্তিক শিশুশ্রমের প্রাপ্ত জরিপ পরিচালনা করা। ২০২৫ সালের মধ্যে দেশকে শিশুশ্রম মুক্ত করার লক্ষ্যে প্রচার কার্যক্রমের অংশ হিসেবে প্রচার করতে মাইকিংয়ের মাধ্যমে প্রচারনা চালানো এবং কোথাও কোনো শিশু শ্রমিক দেখলে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিবহন অধিদপ্তরের হেল্পলাইন ১৬৩৫৭ এ অভিযোগ করলে সাথে সাথে এ ব্যাপারে ব্যবস্থা নেওয়া হবে।

উক্ত আলোচনা সভার সভাপতি বিভাগীয় কমিশনার বলেন, করোনাকালীন সময়ে বিদ্যালয়গামী ও ঝরে পড়া শিশুদেরকে বিদ্যালয়ে ফিরিয়ে আনতে এবং শ্রম হতে প্রত্যাহারে স্কুল মনিটরিংসহ অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে এবং প্রতিটি জেলা ও উপজেলায় শিশুশ্রম পরিবীক্ষন কমিটির কার্যকর ব্যবস্থা গ্রহন ও নিয়মিত সভা আয়োজনের বিকল্প নেই।

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের উপমহাপরিদর্শক মোঃআরিফুজ্জামান বলেন, বাংলাদেশ শ্রম আইন ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫, জাতীয় শিশুশ্রম নিরসন নীতিমালা ২০১০ সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা হয়েছে। ৬টি টিমে ৪৫ জন করে ময়মনসিংহ বিভাগে ১৬০০ কলকারখানা পরিদর্শন করা হবে যেখানে ১৪ বছরের কম বয়সী শিশু আছে কিনা এবং যদি থাকে সেক্ষেত্রে প্রতিষ্ঠানগুলোকে আইনের আওতায় আনা হবে। তিনি আরও বলেন, বিগত বছর ১৫০জন শিশু শ্রমিককে শ্রম থেকে পরিত্রাণ,তাদেরকে বিদ্যালয়ে ভর্তি এবং আর্থিক সহায়তা প্রদান করা হয়। শ্রমিক কল্যান ফাউন্ডেশন আছে । ২০২২ অর্থবছরে ১কোটি ৮৪ লাখ শিশুদের অর্থ বিতরন করা হয়। সামনে আড়াই হাজার টাকার একটি প্রজেক্ট আছে যেটি খুব দ্রুতই কার্যক্রম শুরু করতে যাচ্ছে। শিশুশ্রম নিরসনে প্রচার পত্র প্রস্তুত করে সংশ্লিষ্ট সকল দপ্তরে প্রেরন করতে হবে, ব্যাপক প্রচার প্রচারনা ও প্রতিষ্ঠানগুলোতে মোবাইল কোর্ট বা ভ্রাম্যমান আদালত পরিচালনা করার ব্যবস্থা গ্রহন করতে হবে।

উক্ত আলোচনা সভায় অতিরিক্ত বিভাগীয় কমিশনার মোহাম্মদ আনোয়ার হোসেন (সার্বিক), সমাজসেবা অধিদপ্তরের পরিচালক মোঃ গোলাম মোস্তফা, আঞ্চলিক শ্রমদপ্তরের উপপরিচালক মুহাম্মদ রকিবুল হাসান, পরিসংখ্যান কর্মকর্তা মেহেদী হাসান, মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক নাজনীন সুলতানা সহ বিভিন্ন দপ্তর প্রধানগন উপস্থিত ছিলেন।

#

হুদা/দেওয়ান/মনির/রিদওয়ান/সজিব/২০২৩/১৮:০০ ঘন্টা